



সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েজখালী, সুনামগঞ্জ।



Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com

স্মারক নং- ২৭.১২.৯০৮৯.৫৬২.০১.০৩৮.২১. ২০২৬

তারিখঃ- ২৬ ফাল্গুন' ১৪২৭ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পিক আপ গাড়ি নং- সিলেট-ম-১১-০০৫৯ মেরামতের জন্য অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) কোটেশন আহবান প্রসঙ্গে।

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি- কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় অত্র সমিতির পিক আপ গাড়ি নং-সিলেট-ম-১১-০০৫৯ মেরামত করা হবে। প্রয়োজনীয় যন্ত্রাংশসমূহ সরবরাহসহ উহা মেরামত করার জন্য প্রকৃত মেরামতকারী /ওয়ার্কসপ/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	গাড়ীর মডেল নং	রেজিস্ট্রেশন নং তারিখ	ইঞ্জিন নং	চেসিস নং	সিলি	কালার	মন্তব্য
০১	Pickup Double Cabin Toyota-1998	সিলেট-ম-১১-০০৫৯ ০২/০২/১৯৯৯	3FZ-1809484	RZN169-0006263	২৬৯৪	সাদা	

Sl.	Description of Spares & Service Charges	Quantity	Rate	Amount
Labour Charge :				
01	Denting full body Denting	full body		
02	full body painting	full body		
03	Electric line Cheque-up			
Spares:				
04	Side Lamp	2pcs		
05	Back lamp	2pcs		
06	Bonet Lock	1pcs		
07	Carpeting			
08	Door Lock	1set		
09	Front Bumper show grill	1pcs		
10	Head Lamp Switch	1pcs		
11	Other (If Needed)			
Total (Include vat & tax)				

০১. রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ১৮/০৩/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত।

০২. RFQ জমা দেয়ার স্থানঃ

(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), খিলক্ষেত, ঢাকা অথবা (খ) সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ওয়েজখালী, সুনামগঞ্জ।


০৩. RFQ খোলার তারিখ, সময় ও স্থানঃ

একই দিন অর্থাৎ ১৮/০৩/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ২.০৫ ঘটিকার সময় (যেখানে দরপত্র দাখিল হবে সেই সকল স্থানে) অর্থাৎ পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, ৯ম তলা, বাপবিবো, ঢাকা ও সুনামগঞ্জ পবিস, ওয়েজখালী, সুনামগঞ্জ-এ উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

শর্তাবলীঃ

০১. দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি, ভ্যাট রেজিঃ সার্টিফিকেট পরিশোধের প্রত্যায়নপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
০২. দরপত্র সমূহ সুনামগঞ্জ পবিস এর দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যথাযথভাবে মূল্যায়ন করা হবে। মূল্যায়ন শেষে বৈধ ও গ্রহণযোগ্য দরদাতা প্রতিষ্ঠানকে যন্ত্রাংশ সরবরাহ ও মেরামতের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।
০৩. কার্যাদেশ প্রদানের সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের মধ্যে গাড়ী মেরামত পূর্বক সমিতি কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে, উক্ত গাড়ী বুঝিয়া দেওয়ার পর ০৬ মাসের মধ্যে কোন ধরনের ত্রুটি দেখা দিলে তাহা নিজ খরচে মেরামত করে দিতে হবে।

০৪. গাড়ী মেরামত পূর্বক সমিতি কর্তৃপক্ষকে বুঝিয়ে দেওয়ার পর প্রদানকৃত মোট বিল হতে ১০% অর্থ কর্তন করে রাখা হবে যা ০৬ মাস পর ফেরত প্রদান করা হবে।
০৫. ফাইনাল রং করার পূর্বে সমিতির কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং সমস্ত যন্ত্রাংশ অরজিনাল দিতে হবে।
০৬. নির্দিষ্ট সময়ের মধ্যে গাড়ী মেরামত পূর্বক সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য উদ্বৃত্ত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ বিলম্ব জরিমানা দাখিলকৃত বিল হতে কর্তন করা হবে।
০৭. খামের উপর “সিলেট-ম-১১-০০৫৯ নং পিক-আপ গাড়ী মেরামত ও যন্ত্রাংশ প্রতিস্থাপনের দরপত্র ” কথাটি স্পষ্ট আকারে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০৮. গাড়ীর সমস্ত যন্ত্রাংশ প্রতিস্থাপন ও মেরামত কাজ সম্পাদনের পর সম্পূর্ণ নিজ খরচে এবং নিজ দায়িত্বে অত্র সমিতির প্রধান কার্যালয়ে পৌঁছে দিতে হবে।
০৯. গাড়ীর সমস্ত যন্ত্রাংশ প্রতিস্থাপন ও মেরামত কাজ সম্পাদনের পর দাখিলকৃত বিলের উপর সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
১০. দরপত্রে উদ্বৃত্ত একক দর ও মোট দর স্পষ্টাঙ্করে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি, ওভার রাইটিং ও ঘষামাজা চলবে না।
১১. শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. কোন প্রকার কারন প্রদর্শন ব্যতীরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


সুজিত কুমার বিশ্বাস

জেনারেল ম্যানেজার(চঃ দাঃ)

অনুলিপিঃ- (নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)

০১. পরিচালক, পবিস উঃ ও ব্যঃ পঃ (পুঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২. জেলা প্রশাসক/পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৩. নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, সিলেট।
০৪. জেনারেল ম্যানেজার, পবিস-১/২/৩/৪।
০৫. ডিজিএম, (সদর-কারিগরী)/ছাতক জোনাল অফিস, সুনামগঞ্জ পবিস।
০৬. এজিএম (অর্থ)/সদস্য সেবা/ওএন্ডএম, সুনামগঞ্জ পবিস।
০৭. নোটিশ বোর্ড, সদর দপ্তর, সুনামগঞ্জ পবিস।
০৮. জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-২), সুনামগঞ্জ পবিস। (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশ সহ)।
০৯. অফিস/মাষ্টার কপি।

সুজিত কুমার বিশ্বাস
জেনারেল ম্যানেজার(চঃ দাঃ)

